ভোরের কাগজ

MAY 29 2002
তারিখ ...
পৃষ্ঠা ...৩... কলাম ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী ঃ সম্মিলিত সাংস্কৃতিক জোট রাজশাহী বিশ্ববিদালয়ের প্রতিনিধি সভায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতির ওপর বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সুষ্ঠু সংস্কৃতি চর্চার পরিবেশ নেই।

জোট সভাপতি সাংস্কৃতিক ব্যক্তিত্ব এস.এম আবু বকরের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিনিধি সভায় বলা হয়, সুষ্ঠু সংস্কৃতি চর্চায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অসহযোগিতা করছেন। এ অসহযোগিতার প্রতিবাদে অবিলম্বে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জোট সাধারণ সম্পাদক মোহিদুল ইসলাম মুকুল।